

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয় (শাখা-১)
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৮.২০.০০১.১৮-৫২

তারিখ: ১০ চৈত্র ১৪২৬
২৪ মার্চ ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির অধীনে ২০২০-২০২১ অর্থবছরে গবেষণা প্রস্তাব আহবান।

উচ্চতর গবেষণা পৃষ্ঠপোষকতার মাধ্যমে উন্নত প্রযুক্তির আহরণ, উদ্ভাবন এবং প্রয়োগের বিস্তৃতি সাধন এবং তা ফলপ্রসূভাবে কাজে লাগিয়ে সর্বাধুনিক প্রযুক্তির ব্যবহার, অনুশীলন ও প্রায়োগিক দক্ষতাসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক বিজ্ঞানী, প্রযুক্তিবিদ এবং সমাজবিজ্ঞানী গড়ে তোলার লক্ষ্যে নিম্নবর্ণিত গবেষণার ক্ষেত্রসমূহে শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে সংরক্ষিত নির্ধারিত ফরমে গবেষণা প্রস্তাব সম্বলিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

- ১। গাণিতিক বিজ্ঞান (Mathematical Sciences);
- ২। জীবন সম্পর্কিত বিজ্ঞান (Life Sciences);
- ৩। ভৌত বিজ্ঞান (Physical Sciences);
- ৪। সামাজিক বিজ্ঞান (Social Science);
- ৫। আইসিটি (ICT) ;
- ৬। মেরিন সাইন্স (Marine Science) ;
- ৭। Sustainable Development Goals (SDGs) এবং ৭ম পঞ্চ বার্ষিকী পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক গবেষণা।
- ৮। প্রকৌশল ও প্রযুক্তি (Engineering and Technology)

২। বাংলাদেশের সকল পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ, স্নাতকোত্তর কলেজসমূহ, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ এবং পাবলিক চিকিৎসা বিশ্ববিদ্যালয় ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়সমূহের বিভিন্ন বিভাগে কর্মরত শিক্ষক/গবেষক উচ্চতর গবেষণা সহায়তার জন্য আবেদন করতে পারবেন। আবেদন ফরমে নির্ধারিত স্থানে মুখ্য গবেষকের টেলিফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল, ফ্যাক্স নম্বর (যদি থাকে) তা আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

৩। গবেষণা সহায়তা প্রাপ্তির শর্তসমূহঃ-

- (ক) আবেদনকারীগণকে প্রাথমিক পর্যায়ে PCN (Project concept note) দাখিল করতে হবে;
- (খ) মান সম্পন্ন দেশি, বিদেশি জার্নালে প্রকাশনা এবং গবেষণায় অভিজ্ঞতা সম্পন্ন আবেদনকারীদের অগ্রাধিকার দেয়া হবে;
- (গ) আবেদনকারী গবেষক টীম/গবেষক যীর আন্তর্জাতিক/জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে প্রবন্ধ উপস্থাপনা বা অংশগ্রহণের অভিজ্ঞতা রয়েছে এমন আবেদনকারী প্রাধান্য পাবেন;
- (ঘ) ন্যূনতম গবেষণা অবকাঠামো, চলমান গবেষণা সংখ্যা, গবেষণা প্রকাশনা এবং গবেষণা কর্মকাণ্ডের বৈদেশিক সংযোগমান সন্তোষজনক প্রতীয়মান হতে হবে;
- (ঙ) গবেষণার বিষয়বস্তু দেশে প্রয়োগ উপযোগী ও বর্তমান যুগের প্রেক্ষাপটে জাতীয় চাহিদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (চ) গবেষণার বিষয়ে ইতোমধ্যে সাফল্য/নির্ভরযোগ্যতা/আশাব্যঞ্জক বৃৎপত্তি (Achievement) অর্জন করেছেন এমন আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে;
- (ছ) আবেদনকারীকে তিনজন বিশেষজ্ঞের নাম (রেফারী হিসেবে) উল্লেখ করতে হবে।

৪। আবেদনপত্র আগামী ১৪ মে ২০২০ তারিখের মধ্যে আবশ্যিকভাবে PCN (Project concept note) ফরম পূরণ করে অনলাইনে www.banbeis.gov.bd এর গবেষণা/উচ্চতর গবেষণা/এডভান্স রিসার্চ-এর মাধ্যমে পাঠাতে হবে এবং দুই প্রস্থ হার্ডকপি শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১নং সোনারগাঁও রোড, পলাশী, নীলক্ষেত, ঢাকা-১২০৫ -এ পৌঁছানো নিশ্চিত করতে হবে। নির্ধারিত ফরম ছাড়া এবং নির্ধারিত সময়ের পর ও অসম্পূর্ণ কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনকারীকে গবেষণা প্রস্তাবের বিষয়বস্তুর গুরুত্ব, সাফল্য-সম্ভাবনা, গবেষণার আবশ্যকীয় বিষয়াদি ও গবেষণা খাতে ব্যয়ের যৌক্তিকতা পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রাথমিক বাছাই/জাতীয় স্টিয়ারিং কমিটির সম্মুখে প্রয়োজনে যথাসময়ে উপস্থাপনা করতে হবে।

৫। গবেষণা সহায়তা কর্মসূচির যাবতীয় তথ্য সম্বলিত নীতিমালা ও PCN (Project concept note) ফরম www.banbeis.gov.bd ওয়েব সাইটে উচ্চতর গবেষণা/এডভান্স রিসার্চ হতে সংগ্রহ করা যাবে।

৬। উল্লেখ্য যে, গবেষকগণ সারা বছর ধরে Online-এ আবেদন করতে পারবেন।

(আ.ন.ম. তারকুল ইসলাম)
উপসচিব
বেসরকারি বিশ্ববিদ্যালয়-১
ফোনঃ ৯৫৪৯১৭৬